LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

মঙ্গলবার ৫ই **সেপ্টেম্বর ২০১৭ ইং**

চামড়ার বাজার ছিল মন্দা

পবিত্র ঈদুল আজহায় কোরবানি হওয়া পশুর চামড়ার বাজারে এবারও ছিল মন্দা ভাব। বিভিন্ন পাড়া, মহল্লা থেকে কম দামে চামড়া কিনেছেন স্থানীয় পর্যায়ের মৌসুমি ব্যবসায়ীরা। পরে তাঁদের কাছ থেকে সেসব চামড়া কম দামে কিনেছেন পাইকারি ব্যবসায়ী ও আড়তদারেরা। অবশ্য পাইকারি ব্যবসায়ী ও আড়তদারদের দাবি, মৌসুমি ব্যবসায়ীদের কাছ থেকে তাঁরা সরকার নির্ধারিত দামেই চামড়া কিনেছেন।এদিকে, রাজধানীর হাজারীবাগ থেকে ট্যানারি সরিয়ে নেওয়া হলেও এবারও চামড়া ঢুকেছে হাজারীবাগের ছোট ছোট বেশ কিছু ট্যানারিতে৷ হাজারীবাগের একাধিক ট্যানারির মালিক জানিয়েছেন, শুধু লবণ মেশানোর জন্য সীমিত পর্যায়ে কিছু চামড়া হাজারীবাগে ঢুকেছে অল্প কয়েক দিনের জন্য।http://www.prothom-alo.com

ব্রিকস দেশগুলোতে আরো অর্থায়নের ঘোষণা চীনের

ব্রিকস দেশগুলোতে একটি অর্থনৈতিক ও প্রযুক্তিগত সহায়তা পরিকল্পনায় ৫০০ মিলিয়ন ইউয়ান (৭৬.৪ মিলিয়ন ডলার) দেবে চীন। এর পাশাপাশি আরো ৪ মিলিয়ন ডলার দেওয়া হবে ব্রিকস দেশগুলোতে নিউ ডেভেলপমেন্ট ব্যাংকের প্রকল্পে। গতকাল সোমবার এ ঘোষণা দিয়েছেন চীনের প্রেসিডেন্ট শি চিনপিং। চীনের শিয়ামেন শহরে শুরু হওয়া ব্রিকস দেশগুলোর এক সম্মেলনে তিনি বলেন, ব্রিকস দেশগুলোকে বাণিজ্য, বিনিয়োগ, মুদ্রা ও অর্থনীতি এবং টেকসই উন্নয়ন ইত্যাদি ক্ষেত্রে অবশ্যই সহযোগিতা গড়ে তুলতে হবে৷ তিনি বলেন, ‘ব্রিকস অংশীদারি আরো গভীর করতে এবং ব্রিকস দেশগুলোতে সহযোগিতা এগিয়ে নিতে আমরা আমাদের প্রচেষ্টা দ্বিগুণ করব৷ ’ http://www.kalerkantho.com

ঈদের ছুটির পর পুঁজিবাজারে লেনদেন কম

ঈদুল আজহার ছুটির পর প্রথম কার্যদিবসে পুঁজিবাজারে লেনদেন কমেছে৷ গতকাল সোমবার ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) মূল্যসূচকের উত্থান হলেও আগের দিনের তুলনায় প্রায় ২২ শতাংশ লেনদেন কমেছে৷ অপর বাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জেও (সিএসই) একই চিত্র দেখা গেছে৷ বাজার বিশ্লেষণে দেখা যায়, গতকাল ডিএসইতে ৬৬৭ কোটি ৩৭ লাখ টাকার শেয়ার লেনদেন হয়েছে, যা গতকালের তুলনায় ১৮৫ কোটি ৪৭ লাখ টাকা কম৷ গত বৃহস্পতিবার ডিএসইতে ৮৫২ কোটি ৮৪ লাখ টাকার শেয়ার লেনদেন হয়েছিল। গতকাল ডিএসইতে মোট লেনদেনে অংশ নেয় ৩২৯টি কম্পানি ও মিউচ্যুয়াল ফান্ড৷ এর মধ্যে দাম বেড়েছে ১৮১টির, কমেছে ১০৪টির এবং অপরিবর্তিত রয়েছে ৪৪টির শেয়ারের দাম। http://www.kalerkantho.com

সরকার নির্ধারিত দামেই চামড়া কিনবেন ট্যানারি মালিকরা

সরকারের বেঁধে দেওয়া দামেই কোরবানির সব চামড়া কেনা হবে বলে জানিয়েছে বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশন (বিটিএ)। আর আগামী সপ্তাহেই শুরু হবে চামড়া সংগ্রহ। এ সংগ্রহ চলবে দুই মাস ধরে। গতকাল সোমবার দুপুরে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান বিটিএ চেয়ারম্যান শাহীন আহমেদ৷ রাজধানীর ধানমণ্ডি কার্যালয়ে অনুষ্ঠিত এ সংবাদ সম্মেলনে বিটিএ সাধারণ সম্পাদক মো. সাখাওয়াত উল্লাহ, কোষাধ্যক্ষ মিজানুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন৷ সংবাদ সম্মেলনে জানানো হয়, বাণিজ্য মন্ত্রণালয় থেকে নির্ধারিত দামেই চামড়া সংগ্রহ করা

হবে। ঢাকায় প্রতি বর্গফুট গরুর চামড়া ৫০ থেকে ৫৫ টাকা, ঢাকার বাইরের গরুর চামড়ার দাম ৪০ থেকে ৪৫ টাকা। এ ছাড়া রাজধানীর বাইরে প্রতি বর্গফুট ছাগলের চামড়ার দাম ২০ থেকে ২২ টাকা এবং খাসির চামড়ার দাম ১৫ থেকে ১৭ টাকা নির্ধারণ করা হয়েছে। http://www.kalerkantho.com

প্রথম বর্ষ প্রিমিয়ামের ৯৮% পর্যন্ত ব্যয় করবে জীবন বীমা কোম্পানি

ব্যবসা শুরুর প্রথম পাঁচ বছর পর্যন্ত প্রথম বর্ষ প্রিমিয়ামের ওপর ৯৮ শতাংশ পর্যন্ত ব্যয় করতে পারবে জীবন বীমা কোম্পানিগুলো। এছাড়া নবায়ন প্রিমিয়ামের ওপর ব্যয় করা যাবে ২৫ শতাংশ পর্যন্ত। এমন বিধান রেখে জীবন বীমা কোম্পানির ব্যবসা ব্যবস্থাপনা ব্যয়ের সীমা প্রবিধানমালা ২০১৭-এর খসড়া তৈরি করেছে নিয়ন্ত্রণ সংস্থা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (আইডিআরএ)।জানা যায়, ১৮ সেপ্টেম্বরের মধ্যে খসড়া প্রবিধানমালাটির বিষয়ে মতামত পাঠানোর নির্দেশনা দেয়া হয় আইডিআরএ থেকে। তবে ব্যয়ের হার এভাবে নির্ধারণ করে দেয়ায় প্রবিধানমালাটি নিয়ে আপত্তি জানাচ্ছেন একাধিক প্রধান নির্বাহী কর্মকর্তা।এ বিষয়ে আইডিআরএর সদস্য গকুল চাঁদ দাস বলেন, প্রধান নির্বাহী বা খাত-সংশ্লিষ্টরা খসড়া প্রবিধানটি নিয়ে আপত্তি জানাতেই পারেন। আমরা তাদের কাছে মতামত চেয়েছি। সেগুলো এলে যাচাই-বাছাই করে দেখা হবে।আইডিআরএ সূত্র জানায়, শুধু জীবন বীমা নয়, সাধারণ বীমা খাতেও ব্যবস্থাপনা ব্যয়-সংক্রান্ত কোনো নীতিমালা নেই। এত দিন ১৯৫৮ সালের আইনে ব্যয় করছিল বীমা কোম্পানিগুলো।http://bonikbarta.net

নির্মাণকাজ উদ্বোধনের পাঁচ মাসে অগ্রগতি শূন্য

পাঁচ মাস আগে লক্ষ্মীপুরে একটি নৌবন্দর নির্মাণ প্রকল্পের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অথচ এখনো প্রকল্পটির দৃশ্যমান কোনো অগ্রগতি নেই। ভূমি জরিপ ও অধিগ্রহণের জন্য সার্ভেয়ার নিয়োগ করা হলেও তারা এখনো কাজ শুরু করেননি। অভিযোগ রয়েছে, লক্ষ্মীপুর জেলা প্রশাসন ও চাঁদপুর বিআইডব্লিউটিএর যৌথ সার্ভে কমিটির সমন্বয়হীনতার কারণে এ সংকট তৈরি হয়েছে। স্থানীয়দের মধ্যেও এ ব্যাপারে যথেষ্ট ক্ষোভ রয়েছে।উল্লেখ্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৪ মার্চ লক্ষ্মীপুরে এসে নৌবন্দর নির্মাণ প্রকল্পসহ বেশকিছু কাজের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এর আগে গত ১২ জানুয়ারি নৌপরিবহন মন্ত্রণালয়ের টিএ শাখা রাষ্ট্রপতির আদেশক্রমে একটি প্রজ্ঞাপন জারি করে। এতে উল্লেখ করা হয়, এসআরও নং ০৯ আইন/২০১৭ টি পোর্টস অ্যাক্ট ১৯০৮-এর সেকশন নং ৭ (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষকে (বিআইডব্লিউটিএ) মজু চৌধুরীর হাট নৌবন্দরের সংরক্ষক হিসেবে নিযুক্ত করছে সরকার।http://bonikbarta.net

বৈশ্বিক বাণিজ্য নিষেধাজ্ঞা আরোপের বিবেচনা যুক্তরাষ্ট্রের

উত্তর কোরিয়ার সর্বশেষ পারমাণবিক পরীক্ষা দেশটির ওপর বাণিজ্য নিষেধাজ্ঞা আরোপের সম্ভাবনা আরো বাড়িয়ে তুলেছে। এরই মধ্যে উত্তর কোরিয়ার ওপর বৈশ্বিক বাণিজ্য নিষেধাজ্ঞার বিষয়টি বিবেচনা করছে যুক্তরাষ্ট্র। অন্যদিকে পিয়ংইয়ংয়ে তেল সরবরাহ বা সীমান্ত বন্ধেরমতো পদক্ষেপের বিরোধিতা করেছে চীন। এ ধরনের পদক্ষেপ উত্তর কোরিয়ার পারমাণবিক কর্মসূচি নিয়ন্ত্রণে কার্যকর হবে কিনা, সে নিয়ে সন্দেহ পোষণ করেছে দেশটি। খবর রয়টার্স ও আল সাবাহ।http://bonikbarta.net

জ্বালানি তেল উত্তোলন কমাচ্ছে নাইজেরিয়া

পরিশোধিত জ্বালানি তেলের ক্রমাগত দরপতন ঠেকাতে বৈশ্বিক উত্তোলন হ্রাসসংক্রান্ত চুক্তি করেছে পণ্যটির রফতানিকারকদের জোট অর্গানাইজেশন অব পেট্রোলিয়াম এক্সপোর্টিং কান্ট্রিজ (ওপেক) দেশগুলো। তবে ওপেকভুক্ত হয়েও চুক্তির বাইরে রয়েছে আফ্রিকার দেশ নাইজেরিয়া। ওপেকের বেঁধে দেয়া পরিমাণের তুলনায় বেশি অপরিশোধিত জ্বালানি তেল উত্তোলন করছে দেশটি। এ কারণে চুক্তির শর্ত বাস্তবায়নে পথে অন্তরায় হিসেবে নাইজেরিয়ায় উত্তোলন খাতের চাঙ্গাভাবকে দায়ী করেছেন অনেক বাজার বিশ্লেষক। http://bonikbarta.net